শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
THAKURGAON PALLI BIDYUT SAMITY

ঠাকুরগাঁও প.বি.স.

মুজিব শতবর্ষ MUJIB 100

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০১.০৩৮.২৪. ২৮-১২ তারিখঃ ১০ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুলাই, ২০২৪ খ্রি.।

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর পরিচালন ও রক্ষণাবেক্ষন ষ্টোরের ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের ব্যবহার অনুপযোগী কনডেম ঘোষিত বিভিন্ন মালামাল ও নিম্নবর্ণিত সিঙ্গেল কেবিন পিকআপ গাড়ি "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশের আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানের নিকট হতে বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে নিলাম প্যাকেজ ক্রয় করতে ইচ্ছুক তা সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত নাম, ঠিকানা, স্বাক্ষরসহ সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| নিলাম প্যাকেজ নং | মালামালের বিবরণ | অর্থ-বছর | পরিমাণ (কেজি/টি) | নিলাম দরপত্র দলিলের মূল্য (টাকা) | নিলাম দরপত্র জামানত (টাকা) | নিলাম দলিল বিক্রয়ের সময়সূচী | নিলাম দলিল গ্রহণ ও খোলার সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | গ্রহণ | খোলা |
| ০১/২০২৪-২০২৫ | সুপার এনামেল কপার তার | ২০২০-২০২১ | ৮৬২৩ কেজি | ১৫০০/- | | | | |
| ০২/২০২৪-২০২৫ | সুপার এনামেল কপার তার | ২০২১-২০২২ | ৯৩০১ কেজি | ১৫০০/- | | | | |
| ০৩/২০২৪-২০২৫ | এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস | ২০২০-২০২১ | ৫৪,৪০০ কেজি | ১৫০০/- | | | | |
| ০৪/২০২৪-২০২৫ | এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস | ২০২১-২০২২ | ৬৪,০১৯.৫৮কেজি | ৩০০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | ২৮/০৭/২০২৪খ্রিঃ তারিখ হতে ১১/০৮/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত | ১২/০৮/২০২৪. খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকা পর্যন্ত | ১২/০৮/২০২৪.খ্রিঃ তারিখ বেলা ১১.৩৫ ঘটিকা |
| ০৫/২০২৪-২০২৫ | ষ্টীল পোল | ২০২০-২০২১ | ১,০৩,৭৭৫ কেজি | ১৫০০/- | | | | |
| ০৬/২০২৪-২০২৫ | ষ্টীল পোল | ২০২১-২০২২ | ১,৪১,৮৮০ কেজি | ১৫০০/- | | | | |
| ০৭/২০২৪-২০২৫ | সিঙ্গেল কেবিন পিকআপ গাড়ি (ঠাকুরগাঁও-ম-১১-০০১১) (ট্যাক্স টোকেনের মেয়াদ ২৭/০১/২০২১ খ্রি. এবং ফিটনেসের মেয়াদ ২৩/০৩/২০২১খ্রি. তারিখে উত্তীর্ণ হয়েছে) | ৬ষ্ঠ বার | ০১টি | ১০০০/- | | | | |

**শর্তাবলীঃ**

০১॥ আগ্রহী দরদাতাগণ যে কোন তফসিলী ব্যাংক হতে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর অনুকূলে নির্ধারিত পরিমাণ অর্থ (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তকরতঃ বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে নিলাম প্যাকেজ ক্রয় করতে ইচ্ছুক তা সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক সাদা কাগজে/নির্দিষ্ট লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর ভবন (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল **আগামী ১১/০৮/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার** পর্যন্ত সংগ্রহ করতে পারবেন এবং **আগামী ১২/০৮/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১:৩০ ঘটিকার** মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর ভবন (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পরে এবং ডাক ও কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০২॥ দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ আগামী ১২/০৮/২০২৪ খ্রিঃ রোজ সোমবার বেলা ১১:৩৫ ঘটিকার সময় ক্রমিক নং-০১ এ বর্ণিত ঠিকানায় অর্থাৎ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ উপস্থিত নিলাম দরদাতা/মনোনীত প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩॥ নিলাম দরপত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ০৭ (সাত) টি প্যাকেজের মূল্যায়ন সম্পূর্ন আলাদা ভাবে করা হবে। প্যাকেজ ভিত্তিক সর্বোচ্চ ও বৈধ নিলাম দরদাতাকে নিয়মানুযায়ী বিক্রয়াদেশ প্রদান করা হবে।

০৪॥ নিলাম দরপত্রে অংশ গ্রহনকারী দরদাতাগনের দরপত্র মূল্যায়নে সর্বোচ্চ দর দাখিলকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিলাম মূল্য যদি পবিসের কনডেমেশন কমিটি কর্তৃক ধার্যকৃত সর্বনিম্ন নিলাম মূল্য অপেক্ষা কম হয় সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষ বর্নিত প্যাকেজের নিলামটি বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

E:\Shah\Condem - গাড়ি (1).docx

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
THAKURGAON PALLI BIDYUT SAMITY
ISO 9001:2015 Certified
সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs

০৫। নিলামে উদ্ধৃত দরের ২৫%(পঁচিশ শতাংশ) অর্থ আর্নেষ্ট মানি (নিরাপত্তা জামানত) হিসাবে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে **MICR** ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা সর্বোচ্চ দরদাতা না হলে অর্থাৎ বিক্রয়াদেশ প্রাপ্য না হলে ফেরতযোগ্য)। আর্নেষ্ট মানি (নিরাপত্তা জামানত) ব্যতিত কোনক্রমেই নিলাম দরপত্র গ্রহণ অথবা বিবেচনা করা হবে না।

০৬। **প্রতিটি প্যাকেজের বিপরীতে নিলাম দরপত্র দলিল ক্রয় করে প্যাকেজ ভিত্তিক আলাদা নিলাম দরপত্র প্রস্তাব দাখিল করতে হবে। যেভাবেই দরপত্র দাখিল করা হোক না কেন প্যাকেজ ভিত্তিক সর্বোচ বৈধ দর প্রস্তাবকারীকে সর্বোচ দরদাতা হিসাবে গণ্য করা হবে। পরবর্তীতে প্যাকেজ ভিত্তিক সর্বোচ বৈধ দর প্রস্তাবকারীকে নিয়মানুযায়ী বিক্রয়াদেশ প্রদান করা হবে।**

০৭। উদ্ধৃত নিলাম দরপত্রে কোনরুপ কাটাকাটি/ঘষামাজা/ফ্লুইডিং গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত নিলাম দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে সমিতির নাম, নিলাম প্যাকেজ নম্বর ও অর্থ-বছর আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

০৮। দরপত্র প্রকাশের তারিখ হতে দরপত্র জমাদানের পূর্বদিন অর্থাৎ **১১/০৮/২০২৪ খ্রিঃ তারিখ** পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ষ্টোরে রক্ষিত নিলামে বিক্রয়যোগ্য কনডেম ঘোষিত মালামাল সমূহ পরিদর্শন করা যাবে।

০৯। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতার আর্নেষ্টমানি (নিরাপত্তা জামানত) নগদায়ন করা হবে। আর্নেষ্টমানি (নিরাপত্তা জামানত) নগদায়ন হওয়া সাপেক্ষে ১ম সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতাকে নিলামে বিক্রয়যোগ্য মালামালের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য সহ উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর সর্বশেষ সরকার নির্ধারিত ভ্যাট ও উৎসে কর বাবদ অবশিষ্ট অর্থ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে ইস্যুকৃত **MICR** ব্যাংক ড্রাফট / পে অর্ডার আকারে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ক্যাশ শাখায় ১৫ (পনের) দিনের মধ্যে জমা দিতে হবে। মোট নিলাম মূল্যসহ ভ্যাট ও উৎস কর বাবদ নির্ধারিত অর্থ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে পরিশোধের বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে বিক্রয়াদেশ বর্ণিত সময় সীমার মধ্যেই নিলামে বিক্রয়কৃত সমুদয় মালামাল ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে।

১০। দর দাখিলের ক্ষেত্রে একক মূল্যের সাথে মোট মূল্যের গানিতিক পার্থক্য পরিলক্ষীত হলে দাখিলকৃত একক মূল্য বিবেচনায় দর মূল্যায়ন করা হবে।

১১। সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক কার্যাদেশ প্রদানের পর নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট নিলাম মূল্য (সরকার নির্ধারিত ভ্যাট ও উৎসে কর সহ) পরিশোধে ব্যর্থ হলে উক্ত দরদাতার দাখিলকৃত আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত করে পরবর্তীতে ক্রমানুযায়ী সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতার অনুকূলে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মালামাল হস্তান্তরের প্রক্রিয়া শুরু করা হবে।

১২। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম বা বেশি হতে পারে।

১৩। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

১৫। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে বাপবিবোর্ড/ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫/৭/২৪
(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় - সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ পরিদপ্তর (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধ সহ)
০৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। পুলিশ সুপার, ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নীলফামারী।
০৯। ডিজিএম,কারিগরী/পীরগঞ্জ/পঞ্চগড়/বালিয়াডাঙ্গী/রুহিয়া/দেবীগঞ্জ/রাণীশংকৈল, জোনাল অফিস,ঠাকুরগাঁও পবিস।
১০। অফিস প্রধান, বোদা/আটোয়ারী/হরিপুর সাব-জোনাল অফিস,ঠাকুরগাঁও পবিস।
১১। এজিএম (ইএন্ডসি/ ওএন্ডএম /সদস্য সেবা/ অর্থ-রাজস্ব/ মানব সম্পদ /অর্থ-হিসাব, ঠাকুরগাঁও পবিস।
১২। এজিএম (আইটি),ঠাকুরগাঁও পবিস। **(পবিসের ওয়েব সাইট এ প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)**
১৩। নোটিশ বোর্ড /অফিস/মাষ্টার কপি।

২৫/৭/২৪
(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার